# উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতির নাম | : জনাব তিথি মিত্র<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |
| স্থান | :উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |
| তারিখ ও সময় | : ১৩.০৮.২০২৫ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা। |

উপস্থিতি: পরিশিষ্ট-ক'তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা জানান যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ১০.০৮.২০২৫ খ্রি. তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৪.৮০০(১৪)/১(৫) নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার (ক্ষুদ্র ও প্রান্তিক) কৃষকদের জন্য প্রনোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করেন । উপজেলা কৃষি অফিসার জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাষকলাই উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রনোদনা কর্মসূচির আওতায় ১১০ জন কৃষকের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচির আওতায় দামুড়হুদা উপজেলার অনুকুলে ১১০ (একশত দশ) বিঘা জমিতে উচ্চ ফলনশীল (বারি মাষকলাই-৩ জাত) উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ১১০ (একশত দশ) জন উপকারভোগী কৃষক পরিবার ০১ (এক) বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ০৫ (পাঁচ) কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে ১ বিঘা জমির জন্য উপকরণ প্রদান করা যাবে। কৃষক প্রতি মিনি প্যাকের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০ (দশ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ (পঞ্চাশ) কেজি বীজ, ১০০ (একশত) কেজি ডিএপি, ও ৫০ (কেজি) এমওপি সার বিতরণ করতে হবে। কর্মসূচির সকল উপকরণ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য ব্যাক্তিকে প্রদান করা যাবে না।

সভায় প্রনোদনা কর্মসূচি ২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাষকলাই বিতরণ এর নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-০১</u>

উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় গত বছরের মাষকলাই আবাদের অর্জিত মাত্রার উপর ভিত্তি করে বর্তমান বছরে খরিফ-২ মৌসুমে প্রনোদনার বিভাজন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপ:-

ফসল ভিত্তিক উপকরণ বিতরণ :

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা | মোট প্রান্তিক/ ক্ষুদ্র কৃষকের সংখ্যা | মোট বীজের পরিমান (কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জুড়ানপুর | ১০ | ৫০ | আবাদী জমি ও কৃষকের চাহিদার ভিত্তিতে |
| ২ | নতিপোতা | ১০ | ৫০ | |
| ৩ | নাটুদহ | ১০ | ৫০ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ১০ | ৫০ | |
| ৫ | কুড়ুলগাছি | ১০ | ৫০ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ২০ | ১০০ | |
| ৭ | হাউলী | ২০ | ১০০ | |
| ৮ | দামুড়হুদা | ১০ | ৫০ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ১০ | ৫০ | |
| | মোট= | ১১০ জন | ৫৫০ কেজি | |

(চলমান পাতা- ০২)

সিদ্ধান্ত-০২

সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা, প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন।

সিদ্ধান্ত-০৩

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৪

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর "কৃষক তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা **সফটকপি** উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট **ই-মেইল** এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তালিকা প্রণয়নের ক্ষেত্রে;

ক) প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক যারা মাষকলাই আবাদে আগ্রহীদের তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।

খ) পরবর্তীতে চাহিদার ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।

গ) কৃষকের জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।

ঘ) ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

সিদ্ধান্ত-০৫

প্রনোদনার জন্য প্রয়োজনীয় মাষকলাই (বারি মাষকলাই-৩ জাত) এর প্রত্যায়িত বীজ বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৬

২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাষকলাই প্রনোদনার বীজ, সার ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ কৃষি প্রনোদনা সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়। কমিটি নিম্নরূপ

| | |
|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : সদস্য |

*বিভাজন-ক ২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাষকলাই আবাদ বৃদ্ধির নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা কৃষি প্রনোদনা কর্মসূচি বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারি বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.০৮.২৫

তিথি মিত্র
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৫.৭৪৯(৩৬) তারিখ: ১৩ আগস্ট ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ আধিদপ্তর ও সদস্য সচিব জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।

২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

৩. মেয়র/প্রশাসক, দর্শনা পৌরসভা।

৪-১১. চেয়ারম্যান/প্রশাসক (সকল) ........................................ ইউপি।

১২-৩৬. উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল) জনাব........................................................ ব্লক...............................। আপনাকে মাষকলাই প্রনোদনার আওতায় "কৃষক তথ্য ছক" পূরণ করে (সফটকপি ও হার্ডকপি) অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ............................ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০২ (দুই) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১৩.০৮.২৫

শারমিন আক্তার
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা